



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৩৩১/১২২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩২
০৮ জুন, ২০২৬

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : স্মারক নম্বর ০৫.৪৫.৬১৩১.০০২.০১.০০৯.২৪.২৯৪ তারিখ: ২৮.০৪.২০২৬ খ্রি.;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন ইউনুছ খাদিজিয়া বালিকা দাখিল মাদ্রাসার জুনিয়র মৌলভী জনাব মো: রেজাউল করিমকে স্বপদে পুনর্বহাল ও অনুমোদিত এডহক কমিটি বাতিলের সুপারিশসহ উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ কর্তৃক সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। পত্রে উল্লেখ করা হয়েছে উক্ত মাদ্রাসার জুনিয়র মৌলভী জনাব মো: রেজাউল করিমকে কোন কারণ দর্শানো নোটিশ ব্যতিরেকে ১০.০৬.২০২৩ ইং তারিখে সাময়িক বরখাস্ত ও ২২.০৬.২০২৩ ইং চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উক্ত বিষয়ে প্রতিকার চেয়ে জুনিয়র মৌলভী জনাব মো: রেজাউল করিম এর আবেদনের প্রেক্ষিতে তদন্তের স্বার্থে উভয় পক্ষের শুনানী গ্রহণ করার জন্য মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপারকে বারবার তলব করা সত্বেও তিনি শুনানীতে উপস্থিত হননি এবং উপস্থিত না হওয়ার বিষয়ে কোন ব্যাখ্যাও প্রদান করেননি।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদন অনুযায়ী বিধি বহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত ও চূড়ান্ত বরখাস্ত করায় জুনিয়র মৌলভী জনাব মো: রেজাউল করিমকে কেন স্বপদে পুনর্বহাল করা হবে না এবং এডহক কমিটি কর্তৃক অনিয়ম পরিলক্ষিত হওয়ায় তা কেন বাতিল করা হবে না তার সন্তোষজনক জবাব ১০ (দশ) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর এস এম তোহিদুজ্জামান
রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৮.০৬.২৬

- ১। সভাপতি/সদস্যবৃন্দ, পরিচালনা কমিটি,
ইউনুছ খাদিজিয়া বালিকা দাখিল মাদ্রাসা;
- ২। সুপার/ভারপ্রাপ্ত সুপার,
ইউনুছ খাদিজিয়া বালিকা দাখিল মাদ্রাসা
পো: চরজিথর, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৩৩১/১২২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩২
০৮ জুন, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৫. জনাব মো: রেজাউল করিম, জুনিয়র মৌলভী(বরখাস্তকৃত),
ইউনুছ খাদিজিয়া বালিকা দাখিল মাদ্রাসা, পো: চরজিথর, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ আব্দুর রশিদ

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৮.০৬.২৬